এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ আগামীকাল

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার ফলাফল আগামীকাল বৃহস্পতিবার দুপুরে প্রকাশিত হবে। ফলাফল শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইটে, সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্র বা শিক্ষাপ্রতিষ্ঠান এবং এসএমএস-এর মাধ্যমে প্রকাশ করা হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক ড. খন্দোকার এহসানুল কবির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা যায়।

আগামীকাল আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশের পর শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট ও এসএমএসের মাধ্যমে ফল জানা যাবে। ওয়েবসাইটে রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, বছর ও শিক্ষাবোর্ড সিলেক্ট করে ‘সাবমিট’ বাটনে ক্লিক করে ফল জানা যাবে।

এ ছাড়া যে কোন মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমেও ফল জানা যাবে। ফোনের মেসেজ অপশনে গিয়ে SSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে পাসের বছর লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে। উদাহরণ: SSC Dha ১২৩৪৫৬ ২০২৫ লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে জানা যাবে ফল।

উল্লেখ্য, মাদ্রাসা বোর্ডের জন্য বোর্ডের নামের প্রথম তিন অক্ষরের ক্ষেত্রে Mad এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের জন্য ঞবপ লিখতে হবে।

ফলাফল নিয়ে অসন্তুষ্ট শিক্ষার্থীদের জন্য প্রতিবারের মত এবারও খাতা চ্যালেঞ্জ বা ফল পুনঃনিরীক্ষার আবেদনের সুযোগ পাবেন। খাতা পুনঃনিরীক্ষণের জন্য এসএমএসের মাধ্যমে ১১ জুলাই থেকে ১৭ জুলাইয়ের পর্যন্ত আবেদন করা যাবে।

শুধু টেলিটক মোবাইলের মাধ্যমে উক্ত ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করা যাবে। আবেদন করার নিয়ম- RSC<Space> Board Name (First 3 letters)<Space>Roll<Space>Subject Code লিখে পাঠিয়ে দিতে হবে ১৬২২২ নাম্বারে। একাধিক Subject Code Type এর ক্ষেত্রে কমা (,)

ব্যবহার করতে হবে, যেমন-১০১,১০২,১০৩। প্রতি পত্রের জন্য আবেদন ফি হবে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।

গত ১০ এপ্রিল সারা দেশে একযোগে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। লিখিত পরীক্ষা শেষ হয় গত ১৩ মে। ব্যবহারিক পরীক্ষা ১৫ থেকে ২২ মে মধ্যে অনুষ্ঠিত হয়। দেশের সব শিক্ষা বোর্ডের অধীনে মোট ১৯ লাখ ২৮ হাজার পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেবে। এর মধ্যে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও সমমান পরীক্ষায় পরীক্ষার্থী রয়েছে ১৪ লাখ ৯০ হাজার ১৪২ জন। এর মধ্যে ছাত্র ৭ লাখ এক হাজার ৫৩৮ জন এবং ছাত্রী ৭ লাখ ৮৮ হাজার ৬০৪ জন। পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২ হাজার ২৯১টি, প্রতিষ্ঠানসংখ্যা ১৮ হাজার ৮৪টি।

মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষার্থী রয়েছেন ২ লাখ ৯৪ হাজার ৭২৬ জন। এর মধ্যে ছাত্র এক লাখ ৫০ হাজার ৮৯৩ জন এবং এক লাখ ৪৩ হাজার ৮৩৩ জন ছাত্রী। এই বোর্ডের অধীনে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ৭২৫টি। প্রতিষ্ঠানের সংখ্যা ৯ হাজার ৬৩টি।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৪৩ হাজার ৩১৩ জন। এর মধ্যে ছাত্র ১ লাখ ৮ হাজার ৩৮৫ এবং ছাত্রী ৩৪ হাজার ৯২৮ জন।

মেহেরপুরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু, প্রথম দিনে অনুপস্থিত ৭৮

মেহেরপুরে শান্তিপূর্ণভাবে এইচএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার যশোর বোর্ডের অধীনে এইচএসসি, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষা শুরু হয়েছে।

মেহেরপুর জেলার তিনটি উপজেলার সাতটি কেন্দ্রে মোট ৪ হাজার ১৭৭ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে এইচএসসি পরীক্ষার্থী ৪১৭৭ জন, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষার্থী ৯১১ জন, এইচএসসি (ভোকেশনাল) ২৭৩ জন এবং আলিম পরীক্ষায় ১৪৪ জন। তবে প্রথম দিন ৭৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

যশোর শিক্ষা বোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষার প্রথম দিনে মেহেরপুর জেলায় মোট ৭৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

গতকাল বৃহস্পতিবার জেলার তিনটি উপজেলার সাতটি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এইচএসসি পরীক্ষায় ৬২ জন, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষায় ৯ জন এবং আলিম পরীক্ষায় ৭ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

এদিকে, পরীক্ষা চলাকালীন বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম।

মেহেরপুরে কড়া নজরদারিতে এসএসসি ও সমমান পরীক্ষা

মেহেরপুরে সিসি ক্যামেরার আওতায় ১৭টি পরীক্ষা কেন্দ্রে কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে শুরু হয়েছে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষা। নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করতে জেলা ও উপজেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগ সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করেছে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, চলতি বছর মেহেরপুর জেলায় মোট পরীক্ষার্থী সংখ্যা ৮,৭০২ জন। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৫টি কেন্দ্রে ৩,২১৭ জন, গাংনী উপজেলায় ১০টি কেন্দ্রে ৪,২৯০ জন এবং মুজিবনগর উপজেলায় ২টি কেন্দ্র ও ১টি উপকেন্দ্রে মোট ৯১২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন।

সবকটি কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে এবং পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক নজরদারি ও প্রশাসনিক তৎপরতা জোরদার করা হয়েছে।

আজ এসএসসি ও সমমান পরীক্ষা

আজ হচ্ছে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা। মেহেরপুর জেলার সদর উপজেলায় ৫ টি কেন্দ্রে ৩২১৭ জন, গাংনী উপজেলায় ১০ টি কেন্দ্রে ৪২৯০ জন ও মুজিবনগর উপজেলায় ২ টি কেন্দ্র ও একটি উপকেন্দ্রে মোট ৯১২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেবেন বলে জানিয়েছেন জেলা শিক্ষা অফিস।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসার হযরত আলী জানান, পূর্বনির্ধারিত রুটিন অনুযায়ী আগমীকাল বৃহষ্পতিবার যশোর শিক্ষা বোর্ড, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিনে এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইতোমধ্যে তিনটি উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, সকল কেন্দ্র সচিব, সহকারী কেন্দ্র সচিব, হল সুপার, ট্যাগ অফিসার, কক্ষ পরিদর্শকসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে নিয়ে মতবিনিময় সভা করা হয়েছে। নকলমুক্ত ও সর্বোচ্চ সুশৃঙ্খলভাবে এবারের এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সকল কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সর্বোচ্চ নিরাপত্তা ও সুষ্ঠুভাবে পরীক্ষা নেওয়ার জন্য জেলা ও উপজেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা করতে সকলের সহযোগিতা কামনা করেছেন তিনি।

কোটচাঁদপুরে এস এস সি ও সমমানের পরিক্ষা সম্পন্ন

উৎসব মুখর পরিবেশে কোটচাঁদপুরে এস এস সি ও সমমানের প্রথম দিনের পরিক্ষা সম্পন্ন হয়েছে। ২৫ টি বিদ্যালয় আর ৯ টি মাদ্রাসা থেকে এ বছর পরিক্ষায় অংশ গ্রহন করেছেন ২৩০৮ জন ছাত্র-ছাত্রী।

বৃহস্পতিবার ৬ টি কেন্দ্র ও ২ ভেনু কেন্দ্রের মাধ্যমে এ পরিক্ষা নেয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। কোটচাঁদপুর মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার বলেন,এ বছর কোটচাঁদপুরে এস এস সি ও সমমান পরিক্ষায় ৩৩ টি প্রতিষ্ঠানের ২৩০৮ জন ছাত্র ছাত্রী পরিক্ষায় অংশ গ্রহন করেন। যা নেয়া হচ্ছে ৬ টি কেন্দ্র ও ২ টি উপকেন্দ্রের মাধ্যমে।

এসব কেন্দ্রগুলোর মধ্যে রয়েছে কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়, কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়, কোটচাঁদপুর কামিল মাদ্রাসা, সাবদারপুর মুনসুর আলী একাডেমী ও উপকেন্দ্র দারুল উলুম আলীম মাদ্রাসা,তালসার কাজী লুৎফর রহমান মাধ্যমিক বিদ্যালয় ও উপকেন্দ্র তালসার জিটি কলেজ।

তিনি বলেন, বৃহস্পতিবার ছিল বাংলা পরিক্ষা। প্রথম দিনের পরিক্ষা উৎসব মুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। তবে পরিক্ষায় অনুপস্থিত ছিল ১৭ জন ছাত্র ছাত্রী।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে বলেন,শান্তি পূর্ন ভাবে প্রথম দিনের পরিক্ষা সম্পন্ন হয়েছে। কোথায় কোন ধরনের অনাকাক্ষিত ঘটনা ঘটেনি। এ ছাড়া কোন ছাত্র ছাত্রী বহিস্কারও হয়নি।

আজ থেকে এসএসসি ও সমমানের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]